বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬।

বশেমুরকৃবি অসচ্ছল ছাত্রবৃত্তি অধ্যাদেশ, ২০১৬

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৬ নং আইন) এর ধারা ৩৯ এর উপ-ধারা (ঘ)-এ প্রদত্ত ক্ষমতাবলে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট নিম্নবর্ণিত অধ্যাদেশ প্রণয়ন করিল, যথা -

১। সংক্ষিপ্ত শিরোনাম, প্রয়োগ ও প্রবর্তণ।-

(১) এই অধ্যাদেশ বশেমুরকৃবি অসচ্ছল ছাত্রবৃত্তি অধ্যাদেশ ২০১৬ নামে অভিহিত হইবে;

(২) ইহা বশেমুরকৃবি-এ স্নাতক প্রোগ্রামে নিয়মিত অধ্যয়নরত অসচ্ছল ছাত্রদেরক্ষেত্রে প্রযোজ্য হইবে;

(৩) ইহা সিন্ডিকেট কর্তৃক অনুমোদনের তারিখ অর্থাৎ ....টার্ম ২০১৬ হইতে কার্যকর হইবে।

২। সংজ্ঞা বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশে।- (১)"বিশ্ববিদ্যালয়" অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়;

(২) "বশেমুরকৃবি" অর্থ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত নাম;

(৩) "ছাত্র" অর্থ বশেমুরকৃবি-এ স্নাতক প্রোগ্রামে নিয়মিত অধ্যয়নরত আর্থিকভাবে অসচ্ছল ছাত্র ও ছাত্রী;

(৪) "অসচ্ছল ছাত্র" অর্থ বশেমুরকৃবি-এ স্নাতক প্রোগ্রামে নিয়মিত অধ্যয়নরত এমন ছাত্র-ছাত্রী যাহার পিতা মাতা বা অভিভাবকের এমন কোন আয় নাই যাহার দ্বারা সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীর অধ্যয়ন খরচ বহন করিতে পারেন;

(৫) নিয়মিত ছাত্র (Regular student) অর্থ ভর্তির পর হইতে ধারাবাহিকভাবে সকল টার্মে অধ্যয়নরত ছাত্র;

(৬) এই অধ্যাদেশের জন্য "টার্ম" অর্থ প্রতি টার্ম শুরু হইবার প্রথম দিন হইতে পরবর্তী টার্ম শুরু হইবার পূর্ব দিন পর্যন্ত সময় কাল;

(৭) "জিপিএ (GPA)" অর্থ Grade Point Average;

(৮) "তহবিল" অর্থ বশেমুরকৃবি-এর স্নাতক প্রোগ্রামে অধ্যয়নরত অসচ্ছল ছাত্রদের জন্য গঠিত বৃত্তি তহবিল।

৩। অসচ্ছল ছাত্রবৃত্তি তহবিল গঠন।- বিশ্ববিদ্যালয় ও অন্যকোন প্রতিষ্ঠান, সংস্থা বা ব্যক্তি কর্তৃক প্রদত্ত অনুদান এবং তহবিলে সঞ্চিত অর্থ হইতে অর্জিত মুনাফা সমন্বয়ে এই তহবিল গঠিত হইবে।

৬/৭/১৬ 6/7/16 6/7/16 ০৬.০৭.১৬

৪। আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলী ।- (১) ভর্তিকৃত প্রথম টার্মের জিপিএ কমপক্ষে ৩.০০ (তিন)সহ টার্ম সমাপ্তির পর যে কোন স্নাতক প্রোগ্রামে অধ্যয়নরত অসচ্ছল ছাত্র এই বৃত্তির জন্য আবেদন করিতে পারিবে;

(২) আবেদনকারী ছাত্রকে অবশ্যই নির্ধারিত তারিখের মধ্যে নির্ধারিত ফরমে আবেদন করিতে হইবে;

(৩) আবেদনপত্রের সকল ঘর যথাযথভাবে পূরণ করিয়া প্রয়োজনীয় সকল তথ্যসহ আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(৪) আবেদনকারীর পিতা মাতা বা অভিভাবকের আয় সম্পর্কে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে;

(৫) কোন ছাত্র জিপিএ ৩.০০-এর কম হওয়ার কারণে আবেদন করিতে না পারিলে উহা ৩.০০ এ উন্নীত হইলে পরবর্তী টার্মে আবেদন করিতে পারিবে;

(৬) গ্রেড প্রতিবেদনে E F I W গ্রেড থাকিলে উহা প্রয়োজনীয় মানে উন্নীত না হওয়া পর্যন্ত আবেদন গ্রহণযোগ্য হইবে না;

(৭) কোন ছাত্র অন্য কোন উৎস হইতে বৃত্তি, ফেলোশীপ বা আর্থিক অনুদান গ্রহণ করে এবং তাহার পরিমাণ বিশ্ববিদ্যালয় হইতে প্রদত্ত বৃত্তির অধিক হইলে সে আবেদন করিতে পারিবে না;

(৮) ভুলতথ্য সম্বলিত আবেদনপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। অসচ্ছল ছাত্র বৃত্তির পরিমাণ ও মেয়াদ ।- (১) এই বৃত্তির পরিমাণ মাসিক ৩০০০.০০ (তিন হাজার) টাকার অধিক হইবে নাঃ

তবে শর্ত থাকে যে, তহবিলে অর্থ প্রাপ্তি সাপেক্ষে বৃত্তির পরিমাণ পরিবর্তনযোগ্য;

(২) বৃত্তি প্রাপ্তির পর হইতে এই বৃত্তির মেয়াদ ধারাবাহিকভাবে (Consecutive) সর্বোচ্চ ভেটেরিনারী মেডিসিন এন্ড এ্যানিমেল সায়েন্স অনুষদেও জন্য ১৪ টার্ম এবং অন্যান্য অনুষদেও জন্য ১১ টার্ম পর্যন্ত হইবেঃ

তবে শর্ত থাকে যে, বৃত্তি প্রাপ্তির ধারাবাহিকতা বজায় রাখিতে হইলে বৃত্তি প্রাপ্তির পরবর্তী টার্ম হইতে জিপিএ ধারাবাহিকভাবে কমপক্ষে ৩.০০ থাকিতে হইবে এবং কোন টার্মে E F I W গ্রেড প্রাপ্ত হইলে এই বৃত্তি বাতিল বলিয়া গণ্য হইবে;

(৩) এই বৃত্তি গ্রহণের জন্য প্রতি কোর্সে ক্লাস হাজিরা কমপক্ষে শতকরা ৮০ ভাগ থাকিতে হইবে এবং ক্লাস হাজিরা শতকরা ৮০ ভাগের কম হইলে বিনা নোটিশে বৃত্তি স্থগিত হইয়া যাইবে;

(৪) যদি কোন ছাত্র বিশ্ববিদ্যালয় বা রাষ্ট্রের শৃঙ্খলা পরিপন্থি কাজে জড়িত থাকে তাহা হইলে কর্তৃপক্ষ বৃত্তি বাতিল করিতে পারিবে;

(৭) বৃত্তির বিষয়ে সময়ে সময়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক জারীকৃত সকল নিয়মকানুন বৃত্তিপ্রাপ্ত ছাত্রকে মানিয়া চলিতে হইবে।

06/01/16 6/1/16 ০৬.০১.১৬

৬/১/১৬

৬। আবেদনপত্র বাছাই ও ছাত্র নির্বাচন।- (১) আবেদনপত্র বাছাই ও বৃত্তি প্রাপ্তির উপযুক্ত ছাত্র নির্বাচনের জন্য সুপারিশের লক্ষ্যে নিম্নোক্ত সদস্য সমন্বয়ে একটি বৃত্তি বাছাই কমিটি থাকিবে, যথা-

(ক) ভাইস-চ্যান্সেলর, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) সকল অনুষদীয় ডিন;

(গ) পরিচালক (ছাত্রকল্যাণ);

(ঘ) শিক্ষা পরিষদ কর্তৃক মনোনীত শিক্ষা পরিষদের ১ (এক) জন সদস্য;

(ঙ) রেজিস্ট্রার, যিনি উহার সচিবও হইবেন;

(২) কমিটি অনুচ্ছেদ ৪ অনুসারে যোগ্যতা ও শর্তাবলীর ভিত্তিতে তালিকা প্রণয়ন করিবে এবং উক্ত তালিকার ভিত্তিতে বৃত্তি প্রদান করা যাইবে;

(৩) তালিকা প্রণয়নের সময় অধিক অসচ্ছল ছাত্র অগ্রাধিকার পাইবে;

(৪) নির্ধারিত যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত সংখ্যক ছাত্রকে অসচ্ছল ছাত্রবৃত্তি প্রদান করা হইবে।

৭। অসচ্ছল ছাত্রবৃত্তি বাতিল।-(১) কোন ছাত্র বৃত্তি প্রাপ্তির পর অন্য কোন উৎস হইতে বৃত্তি, ফেলোশীপ অথবা আর্থিক অনুদান পায় এবং উহার পরিমাণ বিশ্ববিদ্যালয় হইতে প্রদত্ত বৃত্তির অধিক হয় তবে তাহার জন্য মঞ্জুরকৃত বৃত্তি বাতিল হইবে এবং সংশ্লিষ্ট ছাত্র বিশ্ববিদ্যালয় হইতে মঞ্জুরকৃত বৃত্তির টাকা গ্রহণ করিয়া থাকিলে ঐ সময়ের জন্য গ্রহণকৃত বৃত্তির টাকা ফেরৎ দিতে হইবে অথবা বৃত্তির টাকা হইতে কর্তণ করা হইবে;

(২) কোন ছাত্রের বহিঃবৃত্তির পরিমাণ বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত বৃত্তির কম হইলে তাহা সমন্বয় করিয়া অবশিষ্ট অর্থ বৃত্তি বাবদ প্রদান করা হইবে।

(৩) কোন ছাত্রের নিকট বিশ্ববিদ্যালয়ের কোন প্রকার পাওনা থাকিলে উহা বৃত্তির টাকা হইতে কর্তন করা যাইবে।

৮। অসুবিধা দূরীকরণ।- এই অধ্যাদেশ বাস্তবায়নে কোন প্রকার অসুবিধা দেখা দিলে অথবা ইহার কোন অনুচ্ছেদ বা উপ-অনুচ্ছেদ সম্পর্কে ব্যাখ্যার প্রয়োজন হইলে শিক্ষা পরিষদে উপস্থাপন করিতে হইবে এবং সেইক্ষেত্রে শিক্ষা পরিষদের সিদ্ধান্ত বা ব্যাখ্যাই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।